গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলাপরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
www.tahirpur.sunamganj.gov.bd

মে/২০২৩মাসের অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি :জনাবকরুনা সিন্ধু চৌধুরী বাবুল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

সভার তারিখঃ৩০-০৫-২০২৩খ্রি. সময় : ১২.০০ ঘটিকা।

উপস্থিত, উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষরপরিশিষ্ট “ক”।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ও মিশন কার্যকর করা তথা দুই হাজার এক চল্লিশ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে পরস্পরের সহযোগিতা কামনা করে নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং- | বিভাগেরনাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্বায়নে |
|---|---|---|---|---|
| ০১ | | বিগত সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন / সংযোজন / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করার জন্য সভায় একমত পোষণকরা হয়। | সিদ্ধান্তঃবিগত সভার কার্য বিবরণীতে সংশোধন/ সংযোজন/ পরিবর্তননা থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ী করণকরা হয়। | বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃবিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান যে, অপারেশন থিয়েটার চালু রাখার জন্য গাইনী/সাজরী কনসালটেন্ট নিয়োগের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়। তাছাড়া পরিবার পরিকল্পনা পুরাতন বিল্ডিং অংশের পুনঃসংস্কার করা হবে। যদি এইচ.ই.ডি.ভবনটিকে পরিত্যক্ত ঘোষণা করা হয়। দুটি কমিউনিটি অনুমোদনের বিষয়েও আলোচনা করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত :** ১। কমিউনিটি ক্লিনিক সমূহের সেবার মান বৃদ্ধি ও সার্বিক তদারকির জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, নতাহিরপুরের দৃষ্টিআকর্ষণ করা হয়।<br>০৩। বিভাগীয় সংশ্লিষ্ট বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুরের দৃষ্টিআকর্ষণ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবারপরিক ল্পনাঅফিসার, তাহিরপুর, সংশ্লিষ্টসকল |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার তাহিরপুর সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি সভায় আরও জানান জেলা প্রশাসক সুনামগঞ্জ কর্তৃক আউশ ধান রোপণের জন্য ২০০ জন কৃষকের মধ্যে সার ১০ কেজি হাওে ডিএপি, এমওপি বিতরণ করা হবে বলে সভায় অবহিত করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে আউশ ধানের ফসলের কর্তনের পূর্ব পর্যন্ত নিয়মিত মাঠে পরিদর্শণ চলমান রাখা এবং কৃষকদের সঙ্গে পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৪ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর এর প্রতিনিধি সভায় জানান যে, তার দপ্তরের জনবল সংকট থাকার ফলে দাপ্তরিক কার্যক্রম কিছুটা ব্যহত হচ্ছে। প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদের মনোযোগী করে তোলা,এবং খামারীদের গবাদি পশু ও হাঁসমুরগী পালনে সচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুরের দৃষ্টি অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। হাওর অঞ্চলের মৎস্য সম্পদ বৃদ্ধির লক্ষ্যে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন -১৯৫০ এর আলোকে উপজেলা প্রশাসন এর সহযোগিতায় অভিযান / মোবাইল কোর্ট কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্তঃ হাওর অঞ্চলের মৎস্য সম্পদ বৃদ্ধির লক্ষ্যে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন -১৯৫০ এর আলোকে অভিযান/মোবাইল কোর্ট কার্যক্রম চলমান রাখার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান ১৩৩ টি স.প্রা.বি.৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হারে বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে কার্যক্রম চলমান রয়েছে। ৮৮টি স.প্রা.বি. এ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা হারে রুটিন কার্যক্রম এর বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে কার্যক্রম চলমান রয়েছে। ০৪ টি স.প্রা.বি. ক্ষুদ্র মেরামতের জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা করে বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে কার্যক্রম চলমান রয়েছে। সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের জন্য সঠিকভাবে তদারকি করা হচ্ছে। আগামী মাসের মধ্যে কাজ সমাপ্ত করা হবে। | সিদ্ধান্ত : ০১। বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের লক্ষে যে ইউনিয়নে বিদ্যালয়ের ক্ষুদ্র মেরামত ও স্লিপের কার্যক্রম, রুটিন কার্যক্রম চলমান রয়েছে সে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অবহিত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে কাজের গুণগত মান যাচাই-বাছাই করে উক্ত কাজের বিল পরিশোধ করতে হবে। যদি কাজের গুণগতমান ভালো না হয় তাহলে তাদের বিরুদ্ধে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর |
| ০৭ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। অর্থব ছরের এডিপির কার্যক্রম চলমান রয়েছে। চেয়ারম্যান বড়দল দক্ষিণ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান কাউকান্দী বাজার, আনন্দ বাজার, একথা বাজার এই ০৩ ( তিন) টি বাজার জরুরী ভিত্তিতে মেরামত ও সংস্কারের জন্য প্রস্তাব করেন। চেয়ারম্যান শ্রীপুর দক্ষিণ জানান শ্রীপুর দক্ষিণ ইউনিয়ন পরিষদ ভবনটি দীর্ঘ দিন যাবত জরাঝীর্ণ অবস্থায় রয়েছে জরুরী ভিত্তিতে মেরামতের জন্য প্রস্তাব করেন। চেয়ারম্যান বালিজুরী ইউনিয়ন পরিষদ জানান আনোয়ারপুর বাজারের ব্রীজের পশ্চিম ও উত্তর দিকে ব্রীজ সংলগ্নে সরকারি খাস জায়গায় দৃষ্টি নন্দন করার লক্ষ্যে কার্যক্রম নেয়া হচ্ছে।<br>উপজেলা প্রকৌশলী তাহিরপুর সভায় জানান বিগত ৩০-০৩-২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় লোকাল গর্ভনমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (লজিক) প্রকল্প পিবিসিআরজিএর ২০২২-২০২৩ ইং অর্থ বছরে স্কীমের অনুমোদনকৃত তালিকা টেন্ডার কার্যক্রম করার জন্য উপস্থাপন করেন | সিদ্ধান্তঃ ০১। বিস্তারিত আলোচনান্তে ২২-২০২৩ অর্থ বছরের এডিপির কার্যক্রম যথযথভাবে মনিটিরিং করা এবং আগামী ৩০-০৫-২০২৩ তারিখের মধ্যে কাজ সমাপ্ত না করা হলে দ্রুত এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে ৩০-০৩-২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় লোকাল গর্ভনমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (লজিক) প্রকল্প পিবিসিআরজিএর ২০২২-২০২৩ ইং অর্থ বছরে স্কীমের অনুমোদনকৃত তালিকা ডেন্ডার কার্যক্রম করার জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |
| ০৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্যালয়ে মেডিকেল অফিসার এম.সি.এইচ-এফ.পি পদের বিপরীতে কর্মকর্তা পদায়ন করা হয়েছে। মা ও শিশু স্বাস্থ্য গর্ভবর্তী মায়েদের সেবা দেওয়ার জন্য একটি কক্ষ বরাদ্দের প্রয়োজন। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অবহিত করলে কোন ব্যবস্থা গ্রহণ করেননি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কমিউনিটি ক্লিনিকে নবজাতকের জন্ম গ্রহণ করার সঙ্গে সঙ্গে জন্ম সনদ ও মৃত্যু সনদ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তথ্য নিয়মিত তথ্য প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকতা তাহিরপুর (সংশ্লিষ্ট সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible] | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় তাহার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা তাহিরপুর |
| ১০ | মাধ্যমিক শিক্ষাবিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান এস.এস.সি./ দাখিল পরীক্ষা সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। ১১-০৫-২০২৩ তারিখে বাদাঘাট ইউনিয়নে কাল বৈশাখী ঝড়ে আদর্শ উচ্চ বিদ্যালয় ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। জরুরীভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে বিভাগীয়ভাবে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, |
| ১১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর সভায় জানান তাহিরপুর উপজেলায় মে/২০২৩ মাসে ০১ টি সমিতি নতুন নিবন্ধন প্রদান করা হয়েছে। এ উপজেলায় ২০২১-২০২২ খ্রি. সনের অডিট সম্পাদনের জন্য বরাদ্দকৃত প্রাথমিক সমবায় সমিতি হতে মোট ৫৫,৪১০/-(পঞ্চান্ন হাজারশত দশ) টাকা অডিট ফি (সরকারি রাজস্ব) ও ভ্যাট ৮৩২৯/- (আট হাজার তিনশত উনত্রিশ) টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ১৬,৫৯৮/- (ষোল হাজার পাঁচশত আটানব্বই) টাকা ধার্য হয়েছে। উক্ত টাকা আদায়ের কার্যক্রম চলমান রয়েছে। অকার্যকর সমিতিগুলো বাতিলের কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলায় তালিকাভুক্ত সমিতিগুলোর নিবন্ধন বাতিলের জন্য সমবায় সমিতি আইন-২০০৯ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা-২০০৪ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর অনুপস্থিত থাকায় তাহার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুর |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তাহিরপুর, সভায় জানান ২০২৩-২০২৪ অর্থবছরে সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় ১৮২ টি সাবমার্জিবল গভীর নলকূপ বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে মাননীয় এমপি মহোদয়ের ৯১ টি টিউবওয়েল, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের ৯১ টি টিউবওয়েল। সভায় উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক অভিযোগ করেন যে, মাঠ পর্যায়ে গভীর নলকূপ বসানোর বিভিন্ন প্রকারের অনিয়ম রয়েছে। বাস্তবায়নকৃত কোন কোন নলকূপে পানি আসেনা, আবার পাকাকরণ হয়নি, প্রাক্কলন অনুসারে গভীরতা না থাকায় লোকজন বিশুদ্ধ পানির ভোগান্তিতে পরেছে। | সিদ্ধান্ত : ০১। বিস্তারিত আলোচনান্তে ১৮২ টি সাবমার্জিবল গভীর নলকূপ বিভাজনের ভিত্তিতে যথাযথ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। মাঠ পর্যায়ে যদি নলকূপ বসানোর বিষয়ে অনিয়ম বা অভিযোগ পাওয়া যায় তাহলে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৪ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির কাজ প্রায় ৯৫% সমাপ্ত হয়েছে। ৪র্থ পর্যায়ে মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের জন্য ৫০ টি বাসগৃহের বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দ হতে ২০টি বাসগৃহের কাজ বালিজুরী ইউনিয়নের দক্ষিণকুল নামক জায়গায় কাজ চলমান রয়েছে। অবশিষ্ট বাসগৃহের কাজ দক্ষিণ শ্রীপুর ইউনিয়নের সন্তোষপুর নামক জায়গায় করার জন্য প্রস্তাবনায় রয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দের আলোকে ২০২২-২০২৩ অর্থ বছরের সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>মুজিববর্ষে ঘরের নির্মাণ কাজ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন, অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। ২০২১-২০২২ অর্থবছরের ভয়াবহ বন্যার কারণে ঋণী সদস্যদের নিকট থেকে ঋণ আদায়ে জোড়দার না করায় খেলাপী ঋণ বেড়ে যায়। খেলাপী ঋণ আদায়ে দ্রুতই নোটিশ প্রদান করা হবে বলে সভায় অবহিত করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণ আদায়ে দ্রুত নোটিশ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুর, |
| ১৬ | মহিলা বিষয় কবিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। VWB কর্মসূচির আওতায় মে/২০২৩ মাসের ভিও প্রদান করা হয়েছে এবং বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ইউনিন ভিত্তিক বিভাজন অনুসারে উপকার ভোগীর একটি তালিকা তৈরী করা হয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে VWB কর্মসূচির আওতায় মে/২০২৩ মাসের ভিও মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকার ভোগীর সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর |
| ১৭ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য তাহিরপুর, উপজেলা আনসার ভিডিপি অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ১৮ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর, সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তাহিরপুর উপজেলা মোট ১৮১ টি সমিতি রয়েছে। খেলাপী বকেয়া পরিশোধের জন্য সকল ইউনিয়নে মাইকিং করা হয়েছে। খেলাপী আদায়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সকলস্তরের কর্মকর্তা কর্মচারীদের সহযোগিতা কামনা করেন। | সিদ্ধান্তঃবিস্তারিত আলোচনান্তে উপজেলা সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৯ | বিবিধ | উপজেলা চেয়ারম্যান, তাহিরপুর সভায় জানান বিগত ২৪-০৫-২০২৩ তারিখ জনাব গোলাপ মিয়া, পিতা-মৃত আব্দুল মজিদ, সাং- কোনাট, পোঃ- বাদাঘাট, উপজেলা-তাহিরপুর, জেলা- সুনামগঞ্জ কর্তৃক উপজেলা চেয়ারম্যান বরাবরে তাহিরপুর উপজেলার যাদুকাটা নদীতে অবৈধ ড্রেজার মেশিন দ্বারা বালু উত্তোলণের একটি অভিযোগ দাখিল করেন। সভায় মৌখিক ভাবে একই অভিযোগ করেন বাদাঘাট ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। যাদু কাটা নদীতে অবৈধ ভাবে ড্রেজার মেশিন দিয়ে দিনে ও রাত্রে যাদুকাটা নদীর পাড়ের এলাকাগুলোকে হুমখির সম্মূখে ফেলে দিচ্ছে। এই কার্যক্রমের ফলে হাজার হাজার শ্রমিক বেকার হয়ে যাবে এবং নদী পাড়ের প্রায় ৪০ টি গ্রাম নদীর গর্ভে বিলিন হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলার যাদুকাটা নদীতে অবৈধ ড্রেজার মেশিন দ্বারা বালু উত্তোলণের কার্যক্রম তদন্ত সাপেক্ষে বিধি মোতাবেক মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর এবং সংশ্লিষ্ট উর্ধতন কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও সংশ্লিষ্ট সকল। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | বিদ্যুৎ বিল সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান তাহিরপুর উপজেলা পরিষদের পানির পাম্পের কেন্দ্রীয় মিটারের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, তাহিরপুর সাব-জোনাল অফিস কৃর্তক নভে/২০২১ হতে ডিসে/২০২১পর্যন্ত মোট ০২ (দুই মাস), জানু/২০২২ হতে ডিসে/২০২২ পর্যন্ত মোট ১২ ( বার) মাস, জানু/২০২৩ হতে এপ্রিল/২০২৩ মাস পর্যন্ত ০৪ (চার) মাস মোট ১৮ ( আঠার) মাসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য মোট ৪,৫১,১৩২/- ( চার লক্ষ একান্ন হাজার বত্রিশ) টাকার একটি বিল দাখিল করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>রাত্রীকালীন সময় উপজেলা পরিষদ আবাসিক কোয়াটার রোড লাইন ও জনসাধারণ চলাফেরার সুবিধার্থে রাস্তায় বাতি জ্বালানো হয়। উপজেলা পরিষদের পৃথক কোন মিটার না থাকায়, উপজেলা পরিসংখান অফিস, তাহিরপুরের মিটার সংযোগ হতে আলোক সজ্জা করা হয়। যার বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য ১৪-০৫-২০২৩ তারিখ জনাব আমিনুল ইসলাম. জে.এস.এ, উপজেলা পরিসংখান অফিস, তাহিরপুর কর্তৃক মে/২০২২, জলাই/২২, আগস্ট/২২২, সেপ্টেম্বর/২২, অক্টোবর/২২, নভে/২২ ডিসে/২২,জানু/২৩, ফেব্রু/২৩, মার্চ/২৩, এপ্রিল/২৩ মোট ১১ ( এগার) মাসের বকেয়া বিদ্যুৎ বাবদ ৬০,০২৩/- (ষাট হাজার তেইষ) টাকার বিল পরিশোধের জন্য বিলসহ একটি আবেদন দাখিল করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্ত ঃ ০১। বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদের পানির পাম্পের কেন্দ্রীয় মিটারের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, তাহিরপুর সাব-জোনাল অফিস কৃর্তক নভে/২০২১ হতে ডিসে/২০২১পর্যন্ত মোট ০২ (দুই মাস), জানু/২০২২ হতে ডিসে/২০২২ পর্যন্ত মোট ১২ ( বার) মাস, জানু/২০২৩ হতে এপ্রিল/২০২৩ মাস পর্যন্ত ০৪ (চার) মাস মোট ১৮ ( আঠার) মাসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য মোট ৪,৫১,১৩২/- ( চার লক্ষ একান্ন হাজার বত্রিশ) টাকা তাহিরপুর উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদের পৃথক কোন মিটার না থাকায়, উপজেলা পরিসংখান অফিস, তাহিরপুরের মিটার সংযোগ হতে আলোক সজ্জা করা হয়। যার বকেয়া বিদ্যুৎ বিলমে/২০২২,জলাই/২২,আগস্ট/২২২, সেপ্টেম্বর/২২,অক্টোবর/২২,নভে/২২ডিসে/২২,জানু /২৩, ফেব্রু/২৩, মার্চ/২৩, এপ্রিল/২৩ মোট ১১ ( এগার) মাসের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ৬০,০২৩/- (ষাট হাজার তেইশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | ভ্রমণ ভাতা | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সভায় জানান জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল, চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাহিরপুর এর ডিসেম্বর/২০২১ হতে জুন/২০২২ মাস পর্যন্ত মোট ৩৯,৩৭৫/- (উনচল্লি হাজার তিনশত পচাত্তর) টাকা ভ্রমণ ভাতার প্রাপ্য হোন। জুলাই/২০২২ হতে মে/২০২৩ মাস পর্যন্ত ৬১,৮৭৫/-(একষট্টি হাজার আটশত পচাত্তর) টাকার ভ্রমণ ভাতার প্রাপ্য হোন। জনাব রিয়াজ উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর ফেব্রুয়ারী/২০২১ মাস হতে জুন/২০২১ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা বাবদ ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা প্রাপ্য হোন। জুলাই/২০২১ হতে জুন/২০২২ মাস পর্যন্ত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ভ্রমণ ভাতা বাবদ প্রাপ্য হোন। জুলাই/২০২২ মাস হতে মে/২০২৩ মাস পর্যন্ত ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা ভ্রমণ ভাতা বাবদ প্রাপ্য হোন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয<br>জনাব খালেদা বেগম ফেব্রুয়ারী/২০২১ মাস হতে জুন/২০২১ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা বাবদ ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা প্রাপ্য হোন। জুলাই/২০২১ হতে জুন/২০২২ মাস পর্যন্ত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ভ্রমণ ভাতা বাবদ প্রাপ্য হোন। জুলাই/২০২২ মাস হতে মে/২০২৩ মাস পর্যন্ত ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা ভ্রমণ ভাতা বাবদ প্রাপ্য হোন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয। | সিদ্ধান্ত ঃ ০১। বিস্তারিত আলোচনান্তে জনাব করুনা সিন্ধু চৌধুরী, বাবুল, চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাহিরপুর এর ডিসেম্বর/২০২১ হতে জুন/২০২২ মাস পর্যন্ত মোট ৩৯,৩৭৫/- (উনচল্লি হাজার তিনশত পচাত্তর)। জুলাই/২০২২ হতে মে/২০২৩ মাস পর্যন্ত ৬১,৮৭৫/-(একষট্টি হাজার আটশত পচাত্তর) টাকার ভ্রমণ ভাতার প্রাপ্য হোন। সর্বমোট ১০১,২৫০/-(একলক্ষ এক হাজার দুইশত পঞ্চাশ) টাকার ভ্রমণ ভাতা বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জনাব রিয়াজ উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর এর ফেব্রুয়ারী/২০২১ মাস হতে জুন/২০২১ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা বাবদ ১২,৫০০/- ( বার হাজার পাঁচশত) টাকা প্রাপ্য হোন। জুলাই/২০২১ হতে জুন/২০২২ মাস পর্যন্ত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ভ্রমণ ভাতা বাবদ প্রাপ্য হোন। জুলাই/২০২২ মাস হতে মে/২০২৩ মাস পর্যন্ত ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা ভ্রমণ ভাতা বাবদ প্রাপ্য হোন। সর্বমোট ৭০,০০০/- ( সত্তর হাজার) টাকাা ভ্রমণ ভাতা বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জনাব খালেদা বেগম ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর এর ফেব্রুয়ারী/২০২১ মাস হতে জুন/২০২১ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা বাবদ ১২,৫০০/- ( বার হাজার পাঁচশত) টাকা প্রাপ্য হোন। জুলাই/২০২১ হতে জুন/২০২২ মাস পর্যন্ত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ভ্রমণ ভাতা বাবদ প্রাপ্য হোন। জুলাই/২০২২ মাস হতে মে/২০২৩ মাস পর্যন্ত ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা ভ্রমণ ভাতা বাবদ প্রাপ্য হোন। সর্বমোট ৭০,০০০/- ( সত্তর হাজার) টাকাা ভ্রমণ ভাতা বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |
| ২২ | | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান উপজেলা পরিষদের চুক্তিভিত্তি কর্মচারী জনাব মোঃ মহিবুল ইসলাম, অফিস সহায়ক, জনাব মোঃ আব্দুল কাইয়ুম, মালি (০২) দুই জন কর্মচারী আসন্ন ঈদুল ঈদুল আযহা/২০২৩ উদযাপন উপলক্ষ্যে উৎসব ভাতা পাওয়ার জন্য ৩০-০৫-২০২৩ খ্রি. তারিখে একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদের চুক্তিভিত্তি কর্মচারী জনাব মোঃ মহিবুল ইসলাম, অফিস সহায়ক, জনাব মোঃ আব্দুল কাইয়ুম, মালি (০২) দুই জন কর্মচারীকে আসন্ন ঈদুল ঈদুল আযহা/২০২৩ উদযাপন উপলক্ষ্যে উৎসব ভাতা বাবদ ৮০০০/- ( আট হাজার) টাকা হারে উপজেলা পরিসদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনানা থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৬/২০২৩

করুনা সিন্ধু চৌধুরী বাবুল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.১৯- ৪৬ (৫০) তারিখ:০৬ -০৬-২০২৩ খ্রি.

সদয়অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতারভিত্তিতেনয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সচিব,স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৮। সিভিলসার্জন, সুনামগঞ্জ।
০৯।..........................................................................................(জেলা পর্যায়েরসংশ্লিষ্টসকল), সুনামগঞ্জ

অবগতি ও প্রয়োজনীয়কার্যার্থে:

১০। ভাইস চেয়ারম্যান / মহিলাভাইস চেয়ারম্যান,উপজেলাপরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
১১। উপজেলা................................................কমর্কর্তা (সংশ্লিষ্টসকল)তাহিরপুর,সুনামগঞ্জ।
১২। চেয়ারম্যান, ............................................ইউনিয়নপরিষদ (সকল) তাহিরপুর,সুনামগঞ্জ।
১৩। অফিসনথি/ মাস্টার ফাইল।

০৬.০৬.২০২৩

সুপ্রভাত চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
E-mail: unotahirpur@gmail.com



CamScanner

সভাপতি: জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল চেয়ারম্যান
জেলা পরিষদ, গাইবান্ধা
সভার তারিখ:- ২৪/০৫/২৩ সময়: সকাল ১০ ঘটিকা

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | | | |
| ২ | | | |
| ৩ | জনাব রিয়াজ উদ্দিন | প্যানেল চেয়ারম্যান জেলা পরিষদ গাইবান্ধা | [signature] |
| ৪ | জনাব নিয়াজ উদ্দিন | চেয়ারম্যান সাঘাটা উ/প. | মো: নিয়াজ উদ্দিন |
| ৫ | জনাব আবাদ হোসেন | ফুলছড়ি উ/প. | [signature] |
| ৬ | জনাব মোঃ ইউনুছ আলী | বড়দল দামুহীন চেয়ারম্যান | [signature] |
| ৭ | জনাব মোঃ মাসুদ মিয়া | চেয়ারম্যান বাদিয়াখালী ইউ/প. | [signature] |
| ৮ | জনাব মোঃ সাইদুর মিয়া | বড়দল উত্তর ইউনিয়ন প্যানেল চেয়ারম্যান -৩ | [signature] |
| ৯ | মোঃ মাও. উমর আলী | চেয়ারম্যান গাইবান্ধা সদর উ/প. | [signature] |
| ১০ | জনাব মো: আলী আহম্মদ মুরাদ | চেয়ারম্যান লক্ষীপুর ইউনিয়ন | [signature] |
| ১১ | মোঃ মিজানুর রহমান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা, সুন্দরগঞ্জ | [signature] |

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১২ | মোঃ মুকুল আলী | URDO | [signature] |
| ১৩ | মোঃ জাকির হোসেন | UFPO | [signature] |
| ১৪ | মোঃ মামুনুর রশীদ | FA(AI), DLS | [signature] |
| ১৫ | মো: হাসান-উজ-জোহা | UAO, DAE | [signature] |
| ১৬ | ডা. মির্জা মিনহাজুর রহমান | UHFPO | [signature] |
| ১৭ | মোঃ আরিফ উল্লাহ খান | UE | [signature] |
| ১৮ | মোঃ ইউনুছ আলী | UFO | [signature] |
| ১৯ | আশীষ আচার্য্য | UCO | [signature] |
| ২০ | শহিদুল ইসলাম | উপজেলা পরিসংখ্যান ও বিআরডিবি কর্মকর্তা (অতি) | [signature] |
| ২১ | কবি মাসুদুর রহমান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গাইবান্ধা | [signature] |
| ২২ | মোঃ আব্দুল ওয়াজেদ মিয়া | AUEO, গাইবান্ধা | [signature] |

| | | | |
|---|---|---|---|
| ২৩ | মোঃ [illegible] হোসেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] |
| ২৪ | আলম আলমগীর | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী | [signature] |
| ২৫ | নীতিশ চন্দ্র বর্মন | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | [signature] |